

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২ (অংশ-৩). ২০০


তারিখ: ১২ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: বদলিজনিত কারণে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকায় সন্তান ভর্তি প্রসংগে।
সূত্র: ২৫.০৬.২০১৯ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আশরাফুর রহমান, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৭/০৪/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.১৯.৩২২ নং স্মারক মূলে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিয়ন্ত্রণাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এ প্রকল্প ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট হেলথ সেফটি) পদে যোগদান করেন। তিনি বদলিজনিত কারণে তাঁর দুই সন্তান মুহাম্মদ তাহসিনুর রহমান এবং মুহাম্মদ আমিনুর রহমান কে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজে যথাক্রমে ৬ষ্ঠ ও ১ম শ্রেণিতে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতব্যবস্থায়, জনাব আশরাফুর রহমান, উপসচিব, প্রকল্প ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট হেলথ সেফটি), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর দুই সন্তানকে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকায় যথাক্রমে ৬ষ্ঠ ও ১ম শ্রেণিতে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫
ইমেইল: ds_sec2@moedu.gov.bd


উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২ (অংশ-৩). ২০০/১(৪)

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) জনাব আশরাফুর রহমান, উপসচিব, প্রকল্প ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট হেলথ সেফটি), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪) অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা।


(আনোয়ারুল হক)
উপসচিব